



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ



বিজ্ঞপ্তি নং-১৪/নসক/২০২৬

তারিখ: ২২/০১/২০২৬ খ্রি.

২০২৩-২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভর্তি কার্যক্রম অনলাইনে প্রাথমিক আবেদন আগামী ১৯/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এ প্রবেশ করে প্রয়োজনীয় তথ্যসহ আবেদন ফরম পূরণ পূর্বক পাসপোর্ট আকারে ছবি স্ক্যান করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করে আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। **আবেদন ফরমের মূল্য বাবদ ১০২৭/- টাকা ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট এর মাধ্যমে জমা দিয়ে কলেজ ওয়েব সাইট হতে টাকা জমাদানের পেমেট স্লিপ ও প্রয়োজনীয় কাগজপত্র সহ (সরকারি ও সাপ্তাহিক ছুটি ব্যতীত) সকাল ১০:০০ টা হতে বেলা ০২:০০ টা পর্যন্ত কলেজের পরীক্ষা শাখায় জমাদানের নির্দেশ দেয়া হলো।**

১। আবেদন করার যোগ্যতা ও শর্তাবলী:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- (খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- (গ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীর শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- (ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩-২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদন স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- (ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমানিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

## ২। প্রয়োজনীয় কাগজপত্র :

স্নাতক (সম্মান) পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং স্নাতক (পাস) পর্যায়ের রেজিস্ট্রেশন ও নম্বরপত্র এবং স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১ টি করে যা আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

### আবেদন ফরম পূরণ, ফি প্রদান এবং জমাদান সংক্রান্ত ধাপঃ

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিখারিত ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এ প্রবেশ করে নির্দেশনা মোতাবেক সতর্কতার সাথে আবেদন ফরম পূরণ করতে হবে এবং ডাউনলোড করতে হবে।
- ২। কলেজ ওয়েবসাইট হতে **কলেজ এডমিশন** মেনুতে ক্লিক করে **Masters Application** এ প্রবেশ করে প্রয়োজনীয় সঠিক তথ্য ইনপুট দিতে হবে।
- ৩। রকেট গ্র্যাপস এ প্রবেশ করে **৩০২** বিলার আইডি সিলেক্ট করে ভর্তির প্রাথমিক আবেদনের রোল নম্বর ইনপুট দিতে হবে এবং নির্ধারিত ফি **১০২৭/-** প্রদান করতে হবে।
- ৪। প্রেমেন্টের পর কলেজ ওয়েব সাইটের ফরমটি রিফেশ দিলেই পে-স্লিপ তৈরী হবে। সেটি ডাউনলোড করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরমের সাথে কলেজ পরীক্ষা শাখায় জমাদিতে হবে।

**উল্লেখ্য যে, ত্রুটিপূর্ণ আবেদন ফরম জমা দিলে কোন প্রকার যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।**

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ